

২০২৫

বাংলা

(মেজর-VI)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNG-CC-T-501

(উপন্যাসের রূপভেদ ও বাংলা উপন্যাস)

[NEP-2020]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর লেখো : $2 \times 10 = 20$
- ক) আঞ্চলিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।
- খ) 'রাজসিংহ' উপন্যাসটি সরাসরি গ্রন্থাকারে প্রকাশিত হওয়ার সময় বইটির আখ্যাপত্রে 'রাজসিংহ' নামটির পাশে আলাদাভাবে কী কথা লেখা ছিল? 'বঙ্গদর্শন' পত্রিকার পর উপন্যাসটি কবে গ্রন্থাকারে প্রকাশিত হয়?
- গ) 'পথের পাঁচালী' উপন্যাসে আম মাটির ভেঁপু অংশটি কোন পরিচ্ছেদ থেকে শুরু হয়ে কত পরিচ্ছেদে শেষ হয়েছে? এই অংশে কী কী ঘটনা বিবৃত হয়েছে?
- ঘ) লেখক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় নিশ্চিন্দিপুর গ্রামের সোনাডাঙ্গার মাঠের কেমন বিবরণ দিয়েছেন?
- ঙ) 'জাগরী' উপন্যাসে বিলুর বাবার পরিচয় দাও।

- ১১। চ) নীলু কোন্ ব্যক্তির দ্বারা প্রভাবিত হয়ে কোন্ রাজনৈতিক দল ছেড়ে নতুন পার্টিতে যোগ দিয়েছিল?
- ছ) 'রাজসিংহ' উপন্যাসের চতুর্থ খণ্ডটির নাম কী? এই খণ্ডে পরিচ্ছেদগুলির অন্তত দুটির নাম লেখো।
- জ) কোনটি কী ধরনের উপন্যাস লেখো—
চোখের বালি, কাঁদো নদী কাঁদো, বিষবৃক্ষ, হাঁসুলী বাঁকের উপকথা।
- ঝ) উপন্যাসের উপকরণ বলতে কী বোঝো?
- ঞ) "তুমি দেশের স্বাধীনতার জন্য সব ছেড়েছ সত্যি—কিন্তু আমাকে তো একটুও স্বাধীনতা দাওনি।"—উদ্ধৃত অংশটি কোন উপন্যাস থেকে সংগৃহীত হয়েছে? বক্তা কে? কার উদ্দেশ্যে এই কথা? কোথায় বসে বলেছেন?
- ট) ইউলিসিস গ্রন্থটি কে লিখেছেন? এর প্রভাবে বাংলায় কোন উপন্যাসটি লিখিত হয়েছে?
- ঠ) কোনটি কোন উপন্যাসের চরিত্র লেখো—
বিষ্ণু দেওজী, বিক্রম সোলাঙ্কি, হরিহর রায়, উদিপুরী বেগম।
- ড) "কে জানে জীবন-লক্ষ্মী কোন্ সাজি সাজাইয়া রাখিয়াছেন তাহাদের সে অনির্দিষ্ট ভবিষ্যতের পাথেয় রূপে?"
—বক্তা কে? কোন প্রসঙ্গে তিনি এ কথা ভেবেছিলেন?
- ঢ) "আমি মরিলে সেও মরিবে"—কোন উপন্যাসে কে এমন কথা বলেছেন? বক্তব্যটির অর্থ বুঝিয়ে দাও।
- ণ) 'রাজসিংহ' উপন্যাসে মূল কাহিনির পাশাপাশি কতগুলি উপকাহিনি আছে? সেগুলোর নাম লেখো।

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো : ৫×৪=২০
- ক) যে-কোনো একটি রাজনৈতিক উপন্যাসের উদাহরণের উল্লেখ করে দেখাও কেন এটিকে রাজনৈতিক উপন্যাস বলে চিহ্নিত করা হয়?
- খ) দরিয়াবিবির আখ্যান উপন্যাসটি কতখানি প্রাসঙ্গিক তা আলোচনা করো।
- গ) পথের পাঁচালী উপন্যাসের প্রথম খণ্ডটির নাম কী? এই অংশের প্রতিটি ঘটনার উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- ঘ) 'জাগরী' উপন্যাসটির প্রেক্ষাপটের প্রেক্ষিতে লেখকের জীবন কতখানি সম্পৃক্ত তা আলোচনা করো।
- ঙ) 'রাজসিংহ' উপন্যাসে তসবিরওয়ালির উপস্থিতি কতটা প্রয়োজনীয়?
- চ) 'পথের পাঁচালী' উপন্যাসে তিনটি মৃত্যুর তাৎপর্য সংক্ষেপে আলোচনা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : ১০×২=২০
- ক) 'রাজসিংহ' উপন্যাসটিকে কী কী কারণে একটি সার্থক ঐতিহাসিক উপন্যাস বলে মনে করা যায়?
- খ) 'পথের পাঁচালী' উপন্যাসে অপু চরিত্রটি বাংলা সাহিত্যের একটি অনন্য সাধারণ সৃষ্টি—আলোচনা করো।
- গ) 'জাগরী' উপন্যাসের গঠনটি একটি স্বতন্ত্র ধারার বাহক—উপন্যাসটি বিশ্লেষণ করে মন্তব্যটির সত্যতা বুঝিয়ে দাও।
- ঘ) "পথ আমার তখনো ফুরায় না,চলে.....চলে..... চলে..... এগিয়েই চলে"
অনন্তের আহ্বানে সাড়া দিয়ে এভাবেই পথের পাঁচালী রচিত হয়েছে।—উপন্যাসটির আলোকে বক্তব্যটি বুঝিয়ে দাও।